রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৩৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৬, ২০১৮

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫২৯—৫৩৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৬১—৯৭৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩২১—১৪৩৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশ**

তারিখ : ০২ আগস্ট ২০১৮

**নং ১৭.০০.০০০০.০১৫.২৭.০৪০.১৮-৪৪৭**—যেহেতু, জনাব মোঃ শাহজাহান মানিক, নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিস, দিনাজপুর (প্রাক্তন উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম) এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে ০৮ মে ২০১৮ তারিখে ১৭.০০.০০০০.০১৫.২৭.০৪০.১৮-২৮৭ স্মারকের মাধ্যমে ০৩/২০১৮ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় কারণ দর্শানোর নোটিশের জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি শর্তহীনভাবে অভিযোগ স্বীকার পূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন এবং অকপটে অপরাধ স্বীকার করে ক্ষমা চেয়েছেন। ফলে, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত। অসদাচরণের দায়ে জনাব মোঃ শাহজাহান মানিক দোষী সাব্যস্থ হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

০২। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৪(২)(খ) মোতাবেক বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ৫(পাঁচ) বছরের জন্য অর্থাৎ আগামী জুলাই, ২০১৯ হতে জুলাই ২০২৩ সাল পর্যন্ত স্থগিত করা হলো। তিনি পরবর্তীতে উক্ত বার্ষিক বেতন বৃদ্ধি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। একই সাথে মামলাটি নিষ্পত্তি করা হল।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি অনুবিভাগ**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৭ জুলাই ২০১৮ খ্রি:

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-১২৫**—Allocation of Business Among the Different Ministries and Divisions (Schedule 1 of The Rules of Business1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার ও গোপালদী পৌরসভা এবং কক্সবাজার জেলার কক্সবাজার পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ২৫ জুলাই, ২০১৮ তারিখ বুধবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষার সংশ্লিষ্ট শিক্ষক/ কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভুত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠা বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-২**

**প্রজ্ঞাপনসমুহ**

তারিখ : ০৬ আগস্ট ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০৩.১৭-১৩৪**—সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪ ও ৪৫ নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী কোম্পানীর পরিচালনা পর্ষদে জনাব আব্দুর রউফ তালুকদার, ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পরিচালক ও ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০৩.১৭-১৩৫**—সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (সাবিনকো) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৪৩, ৪৪ ও ৪৫ নং অনুচ্ছেদের বিধান অনুযায়ী জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ (অতিরিক্ত সচিব)-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উক্ত কোম্পানীর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপসচিব।

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জুলাই ২০১৮

**নং ১২.০০.০০০০.০৭২.২৭.০০৫.১৪/২৯৯**—যেহেতু, জনাব মোঃ হেলাল উদ্দিন, আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, মাগুরা, (নন-ক্যাডার ১ম শ্রেণির কর্মকর্তা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) ধারা অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় (মামলা নং-১২.০০.০০০০.০৭২.২৭.০০৫.১৪-৩১৬, তারিখ ০৩-০৮-২০১৫);

যেহেতু, জনাব মোঃ হেলাল উদ্দিনের বিরুদ্ধে তদন্তে কর্তব্য-কাজে অবহেলার বিষয়টি প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী তার বর্তমান মূল বেতন ৪২,৮৯০ টাকা থেকে পাঁচ ধাপ নিম্নে ৩৩,৫৮০ টাকায় নামিয়ে দেয়ার লঘুদণ্ড প্রদান করা হল।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আরোপিত মওকুফের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপীলকারী কর্তৃপক্ষ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর আপীল আবেদন করেন এবং তাঁর দাখিলকৃত আপীল আবেদনটি নিষ্পত্তির জন্য সারসংক্ষেপসহ কৃষি মন্ত্রণালয় হতে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর প্রেরণ করা হয়;

যেহেতু, মাননীয় প্রধানমন্ত্রী সদয় হয়ে আপীল আবেদন মঞ্জুরকরতঃ দণ্ডাদেশ বাতিল করে তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু, জনাব মোঃ হেলাল উদ্দিন, আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, মাগুরা-কে তাঁর বিরুদ্ধে কৃষি মন্ত্রণালয়ের ২৮ আগস্ট, ২০১৭ তারিখে ১২.০০.০০০০.০৭২.২৭.০০৫.১৪/৩০৭ সংখ্যক প্রজ্ঞাপন মারফত আরোপিত দণ্ডাদেশ বাতিল করে তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হয়।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সিনিয়র সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৪.০০.০০০০.০০৩.০১৪.১১.২০১০(অংশ-২)-২০৯**—রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ভারতীয় ডলার ক্রেডিট লাইন (এলওসি) অর্থায়নে বাস্তবায়নাধীন 'খুলনা-মংলা রেল লাইন নির্মাণ'- প্রকল্প এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের আধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় সরকারি মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, ফকিরহাট, বাগেরহাট-এর কার্যক্রম বিঘ্নিত না করে সরকারের উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের রেল লাইনের এ্যালাইমেন্টে খামারের ৩.৬৭০৫ একর ভূমি অধিগ্রহণ/হস্তান্তরের পদ্ধতি নির্বাচন, খামারের সেডসহ অন্যান্য স্থাপনা/অবকাঠমো স্থানান্তরের ব্যয়ভার নির্বাহ ও বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা নির্বাচনের লক্ষ্যে গত ১৮-০৪-২০১৮ খ্রিঃ তারিখে মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় :

**সভাপতি/আহ্বায়ক**

(ক) সচিব, রেলপথ মন্ত্রণালয়

**কো-চেয়ারম্যান**

(খ) সচিব/ভারপ্রাপ্ত সচিব, সৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

**সদস্যবৃন্দ**

(গ) অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

(ঘ) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন

(ঙ) মহাপরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা

(চ) জেলা প্রশাসক, বাগেরহাট/উপযুক্ত প্রতিনিধি

(ছ) ব্যবস্থাপক, সরকারি মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, ফকিরহাট, বাগেরহাট

**সদস্য-সচিব**

(জ) প্রকল্প পরিচালক, 'খুলনা-মংলা রেলপথ নির্মাণ প্রকল্প', বাংলাদেশ রেলওয়ে।

০২। **কমিটির কার্য পরিধি :**

(ক) প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে রেল লাইন নির্মাণের এ্যালাইনমেন্টে মহিষ খামারের ৩.৬৭০৫ একর জমি অধিগ্রহণের বিনিময়ে ১৯.৮০৭৮ একর জমি প্রদানের সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রত্যাশী সংস্থা নির্ণয়;

(খ) প্রয়োজনীয় অর্থ প্রাপ্তির লক্ষ্যে প্রত্যাশী সংস্থা কী পদক্ষেপ গ্রহণ করবে সে বিষয়ে মতামত প্রদান;

(গ) মহিষ খামারের বিদ্যমান স্থাপনা স্থানান্তর/পুনঃনির্মাণ করার জন্য সাব-কমিটির প্রস্তাবিত ব্যয় প্রাক্কলন [১৫,৪০,০০,৫৩৭.৭৫ টাকা] এবং প্রাণি সম্পদ অধিদপ্তরের দাবিকৃত অর্থ [প্রায় ৪০ কোটি] পর্যালোচনা করতঃ ঐকমত্যের ভিত্তিতে অর্থের পরিমাণ নির্ধারণের বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(ঘ) বিবিধ।

০৩। কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪। কমিটি আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিবেক সরকার**
সহকারী প্রধান।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ আষাঢ় ১৪২৫/০১ জুলাই ২০১৮

**নং ৩০.০০.০০০০.০১০.১৮.০১৩.১৪-১০৪০**—বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ২৭-০৬-২০১৮ তারিখের ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-২৩৭ সংখ্যক প্রজ্ঞাপন অনুসারে জনাব মোঃ মোকাব্বির হোসেন, যুগ্মসচিব (পরিচিতি নং-৫৫৪৮) কে বাংলাদেশ সার্ভিসেস্ লিমিটে (বিএসএল) এর ব্যবস্থাপনা পরিচালক পদে নিম্নোক্ত শর্তে প্রেষণে নিয়োগ করা হলো :

(ক) **বেতন:** তাঁর নিজ বেতনক্রম অনুযায়ী হবে;

(খ) **অন্যান্য সুবিধা:** তিনি হিলের ব্যবস্থাপনা পরিচালক পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি পাবেন;

(গ) **বাড়ি ভাড়া:** তাঁকে বিনা ভাড়ায় বাসস্থান দেয়া হলে তিনি কোন বাড়ি ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না;

(ঘ) **বাধ্যতামূলক চাঁদা:** তিনি প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা-ভবিষ্য তহবিল, গোষ্ঠী বীমা, কল্যাণ তহবিল ইত্যাদি বিধি মোতাবেক পরিশোধ করবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২০ আষাঢ় ১৪২৫ ব:/০৪ জুলাই ২০১৮ খ্রি:

**নং ৩০.০০.০০০০.০১০.১৮.০১৩.১৪-১০৮৫**—গত ০১ জুলাই ২০১৮ খ্রি:/১৭ আষাঢ় ১৪২৫ ব: তারিখের ৩০.০০.০০০০.০১০.১৮.০১৩.১৪-১০৪০ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

**সাবেরা আক্তার**
উপসচিব।

---

**পরিকল্পনা মন্ত্রণালয়**
**পরিকল্পনা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২০.০০.০০০০.৩০৪.৩২.০০৮.১২-২২২**—পরিকল্পনা বিভাগের ০৯-০১-২০১৪ খ্রিঃ তারিখে ২০.০০.০০০০.৩০৪.৩২.০০৮.১২-১২ নম্বর অফিস আদেশমূলে প্রশাসনিক কর্মকর্তা জনাব মোহাম্মদ শামিমুর রহমান-কে অসদাচরণ এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) বিধি অনুযায়ী গুরুদণ্ড হিসেবে চাকরি হতে ০৯-০১-২০১৪ তারিখে অপসারণ করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকায় এ,টি মামলা নং-৭৬/২০১৫ (নতুন), ৬৭/১৪ (পুরাতন) দায়ের করেন।

২। প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ ঢাকা এর এ,টি মামলা নং-৭৬/২০১৫ (নতুন), ৬৭/১৪ (পুরাতন) এর ২১-০৯-২০১৬ তারিখের রায়, এএটি ২৫১/২০১৭ মামলার ১২-১১-২০১৭ তারিখের রায়, আইন বিচার ও সংসদ বিষয় মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ সলিসিটর উইং এর ২২-০৫-২০১৮ তারিখের ১০.০০.০০০০.১৩৬.৪৯.০০১.১৮(সুপ্রিম)-৩৩৭ নম্বর পত্র এবং পরিকল্পনা বিভাগের আইন শাখার ১১-০৬-২০১৮ তারিখের ২০.০০.০০০০.৩১০.০৪.০০৬.১৪-৪৫ নম্বর পত্র মোতাবেক চাকরিচ্যুত প্রশাসনিক কর্মকর্তা জনাব মোহাম্মদ শামিমুর রহমানকে চাকরি হতে অপসারণের তারিখ অর্থাৎ ০৯-০১-২০১৪ তারিখ হতে বকেয়া বেতন ও ভাতাদিসহ চাকরিতে পুনর্বাহাল করা হলো।

৩। তিনি বিধি মোতাবেক চাকরিতে অপসারণের তারিখ হতে পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন এবং তাঁর অপসারণ কালীন সময় কর্মকালীন সময় হিসেবে গণ্য হবে। তবে ভবিষ্যতে আদালত কর্তৃক এ সংক্রান্ত কোন আদেশ প্রদান করা হলে উক্ত আদেশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউল ইসালাম**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**পার-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৯.০০.০০০০.১১১.০৪৩.২০১৭-১৩০**—বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড এর ০৩ (তিন) বছর কার্যকালের মেয়াদ গত ১০-০৫-২০১৮ খ্রিঃ তারিখে শেষ হওয়ার পরিপ্রেক্ষিতে "দি বাংলাদেশ হোমিওপ্যাথিক প্রাকটিশনার্স অর্ডিন্যান্স ১৯৮৩" এর ৪(১)(এ), (বি), (সি), (ডি), ও ১৫(৪) ধারা মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তা ও ব্যক্তিবর্গকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদে মনোনয়ন প্রদানপূর্বক বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড পুনঃগঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১। | ডাঃ দিলীপ কুমার রায়, রায় হোমিও হল, ২৪ জয়কালী মন্দির রোড, ঢাকা। | **চেয়ারম্যান** |
| | **নির্বাচিত শিক্ষক প্রতিনিধি** | |
| ০২। | ডাঃ কায়েম উদ্দিন, এশিয়া হাসপাতাল, ময়মনসিংহ রোড, সাবালিয়া, টাংগাইল। | সদস্য (ঢাকা বিভাগ) |
| ০৩। | ডাঃ মোঃ আতাহার আলী<br>৪১/১, স্বামীবাগ, ওয়ারী, ঢাকা-১২০৩। | সদস্য (চট্টগ্রাম বিভাগ) |
| ০৪। | ডাঃ এস এম মিল্লাত হোসেন, হোমিও হেলথ কেয়ার ফার্মেসী, পার্ক রোড, বগুড়া। | সদস্য (রাজশাহী বিভাগ) |
| ০৫। | ডাঃ আনিসুর রহমান, ৪০, মহেশ্বর পাশা, মেইন রোড, কুয়েট, খুলনা। | সদস্য (খুলনা বিভাগ) |
| ০৬। | ডাঃ মাখন লাল হালদার, হ্যানিম্যান হোমিও ফার্মেসী, ২০ ডাক্তারপট্টি রোড, ঝালকাঠি। | সদস্য (বরিশাল বিভাগ) |
| ০৭। | ডাঃ মোঃ আব্দুল হক, হোমিও হেলথ সেন্টার, জল্লারপাড়, সিলেট। | সদস্য (সিলেট বিভাগ) |
| ০৮। | ডাঃ খন্দকার আনিছুল হক, খন্দকার হোমিও গবেষণালয়, মরাল সংঘ সংলগ্ন, নীলফামারী। | সদস্য (রংপুর বিভাগ) |
| ০৯। | ডাঃ মুহাম্মদ আবুল কাশেম, গ্রাম+ডাকঘর-সাপমারী, থানা-শেরপুর সদর, শেরপুর। | সদস্য (ময়মনসিংহ বিভাগ) |
| | **সরকার কর্তৃক মনোনীত প্রতিনিধি** | |
| ১০। | ডাঃ শেখ মোঃ ইফতেখার উদ্দিন<br>৮৭ উত্তর ধানমন্ডি, বশিরউদ্দিন রোড, কলাবাগান, ঢাকা। | সদস্য (ঢাকা বিভাগ) |
| ১১। | ডাঃ এ, কে, এম ফজলুল হক<br>শাহ-জাহান ভিলা, হোল্ডিং নং-০৮, নির্বানা আবাসিক, কলেজ রোড, চট্টগ্রাম। | সদস্য (চট্টগ্রাম বিভাগ) |
| ১২। | ডাঃ আশিষ শংকর নিয়োগী, ২৭/৩, মায়াকানন, ঢাকা-১২১৪। | সদস্য (রাজশাহী বিভাগ) |
| ১৩। | ডাঃ মোঃ ইসরাফিল হোসেন মুন্সী, ৩২/২, জাকারিয়া সড়ক, দক্ষিণ টুটপাড়া, খুলনা। | সদস্য (খুলনা বিভাগ) |
| ১৪। | ডাঃ নজরুল ইসলাম সুমন<br>গ্রাম-চড়আইচা, পোঃ খানপুর, থানা-বন্দর, উপজেলা+জেলা-বরিশাল। | সদস্য (বরিশাল বিভাগ) |
| ১৫। | ডাঃ ইমদাদুল হক<br>রউফ মঞ্জিল, ২৯-ঐক্যতান, পশ্চিম পীরমহল্লা, থানা-বিমানবন্দর, সিলেট। | সদস্য (সিলেট বিভাগ) |
| ১৬। | ডাঃ আশিক কুমার রায়<br>গ্রাম-সুইহারী, ডাকঘর-দিনাজপুর, থানা-কোতয়ালী, জেলা-দিনাজপুর। | সদস্য (রংপুর বিভাগ) |
| ১৭। | ডাঃ পুলক কুমার রাউত<br>স্মৃতি হোমিও হল, ৩০নং মদন বাবু রোড, আঠারবাড়ী বিল্ডিং, সদর, ময়মনসিংহ। | সদস্য (ময়মনসিংহ বিভাগ) |
| ১৮। | ডাঃ মারিয়া ইয়াসমিন, গ্রাম+পোঃ রাইতল, উপজেলা-কাশিয়ানি, জেলা-গোপালগঞ্জ। | সদস্য (মহিলা) |
| ১৯। | ডাঃ মোছাঃ জাহিদা আক্তার, জিমি হোমিওপ্যাথিক সেন্টার, মুন্সিপাড়া, সাতক্ষীরা। | সদস্য (মহিলা) |
| ২০। | ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম<br>রেজিস্ট্রার-কাম-সেক্রেটারী, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা। | সচিব |

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে এবং অর্ডিন্যান্স ১৯৮৩ এর ৫(১) ধারা মোতাবেক ৩(তিন) বছরের জন্য বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাজিয়া জামান**
সিনিয়র সহকারী সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**মুদ্রণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২০.০৪.০১৩.১৫-১৯৩**—যেহেতু, জনাব মোঃ আতিকুল ইসলাম, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাও, ঢাকা বিগত ২৬-১০-১৯৭৪ তারিখে অফিস সহায়ক পদে সরকারি চাকরিতে যোগদান করেন। উক্ত সনদের ভিত্তিতে এবং জন্ম তারিখ ৩১-০৮-১৯৫৯ দেখিয়ে (চাকরিতে যোগদানকালীন প্রদত্ত জন্ম তারিখ: ০৪-১১-১৯৫৫) সরাসরি নিয়োগযোগ্য এবং বিলুপ্তকৃত সহকারী টাইম কিপার পদে বিজি প্রেসের জনবল কাঠামোভুক্ত কর্মচারী না হয়েও ২১-০৯-১৯৮১ খ্রিঃ তারিখে পদোন্নতি গ্রহণ; জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত বিলুপ্তকৃত সহকারী টাইম কিপার পদ হতে ২৫-০৬-১৯৮৫ খ্রিঃ তারিখে টাইম কিপার পদে পদোন্নতি/আত্মীকরণ; পরবর্তীতে অবৈধ প্রভাব খাটিয়ে ২৯-০৬-২০০০ তারিখে ম্যানেজার ও ২২-০৫-২০০৬ তারিখে সহকারী পরিচালক পদে পদোন্নতি গ্রহণ; প্রকৃত জন্ম তারিখ এবং ১৯৭৬ সালের এসএসসি এবং ১৯৭৯ সালে এইচএসসি পাসের সনদপত্র গোপন করার অসৎ উদ্দেশ্যে সার্ভিস বই ও ব্যক্তিগত নথি হস্তগত করে তা সরিয়ে ফেলা; প্রকৃত জন্ম তারিখের ভিত্তিতে ২৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে অবসরে যাওয়ার কথা থাকলেও ঐ তারিখের পরেও বেআইনীভাবে চাকরিতে নিয়োজিত থাকা; সহকারী পরিচালক পদে পদোন্নতির দীর্ঘ ৯ বছর পরেও চাকরি স্থায়ীকরণের আবেদন না করা; বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণ করে জমা প্রদান না করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং ০২/২০১৬) রুজু করে তাঁর বর্তমান ঠিকানায় ০২-০৩-২০১৬ খ্রিঃ তারিখে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা জানতে চাওয়া হয়;

যেহেতু, কারণ দর্শানো নোটিশের জবাবে জনাব মোঃ আতিকুল ইসলাম, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও ঢাকা ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। ব্যক্তিগত শুনানী শেষে প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে বর্ণিত মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিসের উপপরিচালক জনাব মোঃ আলমগীর হোসেন (৪১৫৮) (উপসচিব)-কে বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৯-০৮-২০১৭ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং অভিযুক্ত কর্মকর্তা "অসদাচরণ" এর দায়ে দোষী মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করে প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্ত" করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ২১-১২-২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর বিরুদ্ধে গুরুদণ্ড প্রদানে পূর্বের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬নং প্রবিধান অনুযায়ী উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আতিকুল ইসলাম, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাও, ঢাকা কে "চাকরি হতে বরখাস্ত" করার গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করেছেন;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর পরামর্শ, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অপরাধের গুরুত্ব বিবেচনায় জনাব মোঃ আতিকুল ইসলাম, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাও, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" করার গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

সেহেতু, জনাব মোঃ আতিকুল ইসলাম, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাও, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি (৩)(খ) অনুযায়ী "অসদাচরণ"এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্ত" করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**

সচিব।

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ ভাদ্র ১৪২৫/২৬ আগস্ট ২০১৮

নং **০৫.১৮০.০২৭.০২.০০.০০৮.২০০৯-৪০৬**—যেহেতু, জনাব জালাল উদ্দিন আহমেদ হোসাইন (৪৭৯৮), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলায় কর্মরত থাকাকালীন জেলা প্রশাসকের অনুমতি ছাড়াই সরকারি গাড়ি নিয়ে জেলার বাইরে অবস্থান করা এবং খাগড়াছড়ি জেলা পুলের ক-৭ নম্বর গাড়িটি মেরামতের নিমিত্ত ওয়ার্কশপে থাকা সত্ত্বেও একাধিক ভুয়া স্লিপে জ্বালানি তেল উত্তোলনের অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে সম/ডি-১(বিমা)-০৮/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগে বর্ণিত অপরাধের প্রকৃতি ও গুরুত্ব, তদন্ত প্রতিবেদন, সাক্ষ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় সরকারি কর্মচারী (শঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালায় ৪(২)(বি) বিধি অনুযায়ী ২৪-০৩-২০১০ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৮.২০০৯-১৭০ নং প্রজ্ঞাপনমূলে "বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত" (withholding of increment for two years) রাখার লঘুদণ্ডের আদেশ প্রদান করা হয়। উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে তিনি আপিল দায়ের করলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ০৬-০৬-২০১০ তারিখে আপিল না-মঞ্জুর করা হয়।

যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় এটি নং-৮৩/২০১২ (নতুন), ১২৭/২০১০ (পুরাতন) মামলা দায়ের করেন। দায়েরকৃত উক্ত মামলায় ৩০-০৯-২০১২ তারিখে সরকারের বিপক্ষে রায় হয়। মামলার রায় নিম্নরূপ :

"That the case be allowed on contest against the opposite party no-1 and exparte against the rest without any order as to costs.

It is bereby declared that he impugned order dated 24.03.2010 issued by opposite party no-1 awarding punishment of withhoding annual increment for two years is illegal, void, without lawful authority and of no legal effect and the petitioner is legible for promotion and other awards as per law.

The opposite parties are directed to pay all financial benefits to the petitioner asper law."

যেহেতু, উক্ত রায়ের বিরুদ্ধে সরকার কর্তৃক প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকায় এএটি নং-২৩/২০১৩ আপীল মামলা দায়ের করলে ০৮-১২-২০১৪ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়। মামলার রায় নিম্নরূপ :

"অত্র আপিলটি দোতরফা সূত্রে শুনানী অন্তে না-মঞ্জুর হল। ঢাকার প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, এটি মামলা নং ৮৩/২০১২ (নতুন), ১২৭/২০১০ (পুরাতন) মঞ্জুর করে ৩০-০৯-২০১২ তারিখে প্রদত্ত রায় বহাল রইল।"

যেহেতু, উক্ত এএটি নং-২৩/২০১৩ মামলার ০৮-১২-২০১৪ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে সরকার কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লিভ টু আপীল দায়ের করা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে ০৬-০২-২০১৭ তারিখে সিপি-১৯২৮/২০১৫ লিভ টু আপীল মামলাটি খারিজ হয়ে যায়। মামলার রায় নিম্নরূপ :

"The leave petition is out of time by 149 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil petition for leave to appeal is dismissed as barred by limitation."

যেহেতু, বর্ণিত তিনটি রায়ের নির্দেশনা এবং এ মন্ত্রণালয়ের আইন অনুবিভাগের মতামতের আলোকে জনাব জালাল উদ্দিন আহমদ হোসাইন (পরিচিতি নং ৪৭৯৮)-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় প্রদত্ত সাজা মওকুফের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব জালাল উদ্দিন আহমদ হোসাইন (পরিচিতি নং-৪৭৯৮), প্রাক্তন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা বর্তমানে উপসচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় ২৪-০৩-২০১০ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৮.২০০৯-১৭০ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত লঘুদণ্ডাদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**

সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭(অংশ-২)-১১১১**—২৮ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ /১৩ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ১২(বার)টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ, ক্ষেতলাল, জয়পুরহাট |
| ২. | কালাই এম.ইউ উচ্চ বিদ্যালয়, কালাই, জয়পুরহাট |
| ৩. | ভৈরব কে. বি পাইলট মডেল হাই স্কুল, ভৈরব, কিশোরগঞ্জ |
| ৪. | মহেশ চন্দ্র মডেল শিক্ষা নিকেতন, ইটনা, কিশোরগঞ্জ |
| ৫. | উল্লাপাড়া মার্চেন্টস পাইলট উচ্চ বিদ্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ |
| ৬. | কালিয়া পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, কালিয়া, নড়াইল |
| ৭. | নিকলী জি.সি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নিকলী, কিশোরগঞ্জ |
| ৮. | হোসেনপুর মডেল পাইলট স্কুল এন্ড কলেজ, হোসেনপুর, কিশোরগঞ্জ |
| ৯. | ডামুড্যা মুসলিম উচ্চ বিদ্যালয়, ডামুড্যা, শরীয়তপুর |
| ১০ | পুঠিয়া পি. এন উচ্চ বিদ্যালয়, পুঠিয়া, রাজশাহী |
| ১১. | আক্কেলপুর এফ. ইউ. পাইলট উচ্চ বিদ্যালয়, আক্কেলপুর, জয়পুরহাট |
| ১২. | সোনাতলা মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ, সোনাতলা, বগুড়া |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।